349

NATIONAL ARCHIVES O

349
NAZRUL ISLĀM
Candrabindu.
Kalikātā: Ḍi Em Lāibrerī, [1931?].
111 p. 18 cm.
Nationalistic songs.
PP Ben B 15; PIB 183/30

PP BEN B 15

চন্দ্রবিন্দু

INDIA OFFICE
LIBRARY

নজরুল ইসলাম

NATIONAL ARCHIVES OF INDIA

ডি, এম; লাইব্রেরী
৬১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, কলিকাতা।

প্রকাশক—
শ্রীগোপাল দাস মজুমদার
ডি, এম, লাইব্রেরী।
৬১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট,
কলিকাতা।

NATIONAL ARCHIVES OF INDIA

মূল্য—১৷৷০

প্রিণ্টার—
শ্রীঅমূল্য চন্দ্র ভট্টাচার্য্য
"ভট্টাচার্য্য প্রেস"
১২, নন্দ বোস লেন,
কলিকাতা

পরম শ্রদ্ধেয়

শ্রীমদ্দাঠাকুর—

শ্রীযুক্ত শরচ্চন্দ্র পণ্ডিত মহাশয়ের

শ্রীচরণ কমলে—

হে হাসির অবতার !

লহ গো চরণে ভক্তি-প্রণত কবির নমস্কার ।

—নজরুল

NATIONAL ARCHIVES OF INDIA

উপহার

NATIONAL ARCHIVES OF INDIA

সূচী

গান	পৃষ্ঠা
আজি শৃঙ্খলে বাজিছে	২০
আজি পূর্ণ শশী কেন	২৫
আদি পরম বাণী	১
আমার সকলি হয়েছ হরি	৯
আমি ভাই ক্ষ্যাপা বাউল	৫
এস এস তব যাত্রা পথে	২৭
ঐ পথ চেয়ে থাকি	২৬
ওহে রাখাল রাজ	৮
কারা পাষাণ ভেদি	১৫
কে যাবি পারে	৪৬
কেঁদে যায় দখিণ হাওয়া	২৩
কেন করুণ সুরে	৩০
কেন আসে	৩৮
কুসুম-সুকুমার	৩২
ঘোর ঘন-ঘট	৩৬
চল মন আনন্দধা	১০
জয় কুসুম-সম্ভার	১৫
জয় বাণী বিদ্যাদায়িনী	৩
জয় মর্ত্যের অমৃতবাদিনী	৩৯
জাগো জাগো শঙ্খ-চক্র	১৩
জাগো হে রুদ্র	২২
জাগো জাগো বধূ	৪০
তোর বিদায় বেলায়	৩৫
তিমির-বিদারী	১৭
তুই লুকাবি কোথায়	৮
তুমি দুখের বেশে	২
তৃষায়-মৌলি জাগো	৪৪
নমো নমো নমো নমঃ	১১
নয়নে ঘনাও স্নেহ	৪২
নাহি ভয় নাহি ভয়	১৮
নিরন্ধ মেঘে মেঘে	২১
নিশুতি রাতের শশী	৩৪
পূজা দেউলে মুরারী	১৬
প্রণমি তোমায় বন দেবতা	২২
ফুলে ফুলে বন ফুলেলা	৩০
বন-বিহারিণী	৩৩
বনে বনে জাগে কি	৪১
বক্ষে আমার কাবার ছবি	৪৭
বন্দীর মন্দিরে	১৪
মৃদুল মন্দে	২৬
শুক্লা জ্যোৎস্না তিথি	৩১
সন্ধ্যা আঁধারে	৪৫
সুন্দর হে	৪৩

NATIONAL ARCHIVES OF INDIA

কমিক গান

গান	পৃষ্ঠা	গান	পৃষ্ঠা
আমি তুরগ ভাঙ্গিয়া	৬১	আখো হিন্দুস্থান	৫৫
আমি দেখেছি তোর শ্যামে	১০৭	দে গরুর গা ধুইয়ে	৮৫
এই বেলা নে ঘর ছেয়ে	১০৮	নাচে মাড়োয়ার লালা	৫৯
কি দেখিতে এসে	৯৭	বদনা গাড়ুতে	৬৬
কীর্ত্তন গায় ছুচুন্দর	৯৫	বসেছে শান্তি বৈঠকে	৭৪
অন্তর মাঝে ভাই উট	৬৩	বগল বাজা ভুলিয়ে মাজা	৮০
ডুব্‌লো ফুটো ধর্ম্মতরী	৭০	যদি শালের বন	৬১
থাকিতে চরণ	৫১	যীশুখৃষ্টের নাই সে ইচ্ছা	১০২
দড়াদড়ির লাগ্‌বে গিঁঠ	৮৯	সাহেব কহেন	১১

NATIONAL ARCHIVES OF INDIA

রাগমালা—তেওড়া।

আদি পরম বাণী, উর বীণাপাণি
আরতি করে তব কোটি কোবিদ জ্ঞানী ॥

হিমল শীত গত, ফাগুন মুখরে,
কানন-বীণা বাজে সমীর-মরমরে।
গাহিছে মুহু মুহু আগমনী কুহু,
প্রকৃতি বন্দিছে নব কুসুম আনি ॥

মূক ধরণী করে বেদনা-আরতি,
বাণী-মুখর তারে কর মা ভারতী।
বক্ষে নব আশা, কণ্ঠে নব ভাষা
দাও মা, আশীষ যাচে নিখিল প্রাণী ॥

NATIONAL ARCHIVES OF INDIA

চন্দ্রবিন্দু

শুচি রুচির আলো-মরাল-বাহিনী
আনিলে আদি জ্যোতি, সৃজিলে কাহিনী।
কণ্ঠে নাহি গীতি, বক্ষে ত্রাস-ভীতি,
কর প্রবুদ্ধ মা, বর অভয় দানি'॥

ব্রহ্মবাদিনী আদিম বেদ-মাতা!
এস মা, কোটি-দল হৃদি-আসন পাতা!
অশ্রুমতী মা গো, নব বাণীতে জাগো,
রুদ্ধ দ্বার খোলো সাজিয়া রুদ্রাণী॥

ARCHIVES OF INDIA
NATIONAL

খাম্বাজ—একতালা

জয় বাণী বিত্তাদায়িনী।
জয় বিশ্ব-লোক-বিহারিণী॥

সৃজন-আদিম-তমো অপসারি'
সহস্রদল কিরণ বিথারি'
আসিলে মা তুমি গগন বিদারি'
আলোক-মরাল-বাহিনী॥

ভারতে ভারতী মূক তুমি আজি
বীণাতে উঠিছে ক্রন্দন বাজি',
ছিন্ন চরণ-শতদল রাজি
কহিছে পীড়ন-কাহিনী॥

উর মা আবার কমলাসীনা,
করে ধর পুনঃ সে রুদ্র বীণা,
নব সুর তানে বাণী পরাধীনা
জাগাও অমৃত-ভাষিণী॥

NATIONAL ARCHIVES OF INDIA

বাউল

তুমি দুখের বেশে এলে ব'লে ভয় করি কি হরি !
দাও ব্যথা যতই তোমায় ততই নিবিড় ক'রে ধরি ।
আমি ভয় করি কি হরি ॥

আমি শূন্য ক'রে তোমার ঝুলি
দুঃখ নেব বক্ষে তুলি',
আমার ব্যথা শোকের শতদলে তোমায় নেব বরি
আমি ভয় করি কি হরি ॥

তুমি দু'লে দিয়ে সুখের দোলা
ছিলে আমার প্রাণের আড়াল,
আজ আড়াল ভেঙে দাঁড়ালে মোর সকল শূন্য ভরি
আমি ভয় করি কি হরি ॥

NATIONAL ARCHIVES OF INDIA

বাউল

আমি ভাই ক্ষ্যাপা বাউল, আমার দেউল
আমারি ঐই আপন দেহ
আমার এ প্রাণের ঠাকুর নহে সুদূর
অন্তরে মন্দির-গেহ ॥

সে থাকে সকল সুখে সকল দুখে
আমার বুকে অহরহ,
কভু তায় প্রণাম করি, বক্ষে ধরি,
কভু তা'রে বিলাই স্নেহ ॥

ভুলায়নি আমারি কুল,
ভুলেছে নিজেও সে কুল,
ভুলে বৃন্দাবন গোকুল
(তার) মোর সাথে মিলন বিরহ ॥

সে আমার ভিক্ষা-ঝুলি কাঁধে তুলি'
চলে ধূলি-মলিন পথে,
নাচে গায় আমার সাথে একতারাতে,
কেউ বোঝে বোঝেনা কেহ ॥

NATIONAL ARCHIVES OF INDIA

বাউল

ওহে রাখাল-রাজ !
কি সাজে সাজালে আমায় আজ।
আমার ঘরের ভূষণ কেড়ে নিয়ে
দিলে চির-পথিক সাজ ॥

তোমার পায়ের নূপুর আমায় দিয়ে
ঘুরাও পথে ঘাটে মিয়ে
বেড়াই বাউল একতারা বাজিয়ে হে,
তোমার ভুবন-নাটে নেচে বেড়াই
ভু'লে শরম ভরম লাজ ॥

তোমার নিত্য-খেলার নৃত্য-সাথী
আনন্দেরি গোঠে হে,
জীবন মরণ আমার সহজ
চরণতলে লোটে হে !

NATIONAL ARCHIVES OF INDIA

আমার হাতে দিলে সর্ব্বনাশী
ঘর-ভুলানো তোমার বাঁশী-,
কাজ ভুলাতে যখন তখন আসি হে,
আমার আপন ভবন কেড়ে—দিলে
ছেড়ে বিশ্বভুবন-মাঝ

NATIONAL ARCHIVES OF INDIA

রামপ্রসাদী

তুই লুকাবি কোথায় মা কালি।
আমার বিশ্বভুবন আঁধার ক'রে
তোর রূপে মা সব ডুবালি ॥

আমার সুখের গৃহ শ্মশান ক'রে
বেড়াস্ মা তায় আগুন জ্বালি',
আমায় দুঃখ দেওয়ার ছলে মা তোর
ভুবন-ভরা রূপ দেখালি ॥

আমি পূজা ক'রে পাইনি তোরে
এবার চোখের জলে এলি,
আমার বুকের ব্যথায় আসন পাতা
ব'স মা সেথা দুখ্-দুলালী ॥

NATIONAL ARCHIVES OF INDIA

আশাবরী—কাওয়ালী

আমার সকলি হরেছ হরি
এবার আমায় হ'রে নিও।
যদি সব হরিলে নিখিল-হরণ
এবার ঐ চরণে শরণ দিও ॥

আমায় ছিল যারা আড়াল ক'রে
হরি তুমি নিলে তাদের হ'রে,
ছিল প্রিয় যা'রা গেল তা'রা,
হরি এবার তুমিই হও হে প্রিয় ॥

NATIONAL ARCHIVES OF INDIA

ভৈরবী ভজন—কাদরা

চল মন আনন্দ-ধাম !
চল মন আনন্দ-ধাম রে
চল আনন্দ-ধাম ॥

লীলা-বিহার প্রেম-লোক
নাই রে সেথা দুঃখ শোক,
সেথা বিহরে চির-ব্রজবালক
বনমালা শ্যাম রে
চল আনন্দধাম ॥

অবাঙ্‌মনস-গোচরম্—
নাহি চরাচর নাহি রে ব্যোম,
লীলা-সাথী গ্রহ রবি ও সোম
সঙ্গীত—ওম্ নাম রে
চল আনন্দধাম ॥

NATIONAL ARCHIVES OF INDIA

দুর্গা—পীতাম্বরী

নমো নমো নমো নমঃ হে নটনাথ !
নব ভবনে কর শুভ চরণ পাত ।
নৃত্য-ভঙ্গীতে সৃজন-সঙ্গীতে
বিশ্বজন-চিতে আনো নব প্রভাত ॥

তোমার জটাজুটে বহে যে জাহ্নবী
তাহারি সুরে প্রাণ জাগাও আদি কবি !
শুচি ললাট-তলে
যে শিশু শশী জ্বলে,
তারি আলোকে হর দুখ-তিমির-রাত ॥

হে চির-সুন্দর, দেহ আশীর্ব্বাদ—
হউক দূর সব অজ্ঞাত অবসাদ ।
লঙ্ঘি সব বাধা
তব পতাকা বহি,
ফুল্লমুখে সহি সকল সংঘাত ॥

NATIONAL ARCHIVES OF INDIA

নব জীবনে লয়ে আশা অভিনব
ভুলি' সকল লাজ গ্লানি পরাভব,
এ নাট-নিকেতনে আবর্তি করি তব
হে শিব, কর নব জীবন সঞ্চার ॥

NATIONAL ARCHIVES OF INDIA

বাগেশ্রী—চৌতাল

জাগো জাগো শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ধারী !
কাঁদে ধরিত্রী নিপীড়িতা, কাঁদে ভয়ার্ত্ত নরনারী

আনো আরবার ন্যায়ের দণ্ড
দৈত্য-ত্রাশন ভীম প্রচণ্ড,
অসুর-বিনাশী উদ্যত অসি ধর ধর দানবারি ॥

ও বাজে তব আরতি বোধন
কোটি অসহায় কণ্ঠে রোদন !

ব্যথিত হৃদয়ে ফেলিয়া চরণ
বেদনা-বিহারী এস নারায়ণ !
রুদ্ধ কারার অন্ধ প্রাকার-বন্ধন অপসারি' ।

NATIONAL ARCHIVES OF INDIA

হাম্বীর—কাওয়ালী

বন্দীর মন্দিরে জাগো দেবতা !
আনো অভয়ঙ্কর শুভ বারতা ।
জাগো দেবতা, জাগো দেবতা ॥

শৃঙ্খলে বাজে তব সম্বোধনী,
কারায় কারায় জাগে তব শরণি,
বিশ্ব মূক ভীত, কহ গো কথা !
জাগো দেবতা, জাগো দেবতা ॥

নিশিদিন শোনে নিপীড়িতা ধরণী
অশ্রুতে অ-শ্রুত শঙ্খধ্বনি !

পঙ্গু রুগ্ন নর অত্যাচারে,
ধর্ষিতা নারী কাঁদে দৈত্যাগারে,
জাগো পাষাণ, ভাঙো নীরবতা ।
জাগো দেবতা, জাগো দেবতা ॥

———

NATIONAL ARCHIVES OF INDIA

ভজন—একতালা

জবা-কুসুম-সঙ্কাশ ঐ
উদার অরুণোদয়।
অপগত তমোভয়।
জয় হে জ্যোতির্ম্ময়॥

জননীর সম স্নেহ-সজল
নীল গাঢ় গগন-তল,
সুপেয় বারি প্রসূণ ফল
তব দান অক্ষয়।
অপহৃত সংশয়।
জয় হে জ্যোতির্ম্ময়॥

NATIONAL ARCHIVES OF INDIA

ভিলং—সাদ্রা।

পূজা-দেউলে মুরারী,
শঙ্খ নাহি বাজে,
বন্ধ দ্বার, নির্ব্বাপিত দীপ লাজে ॥

ভগ্ন ঘট, শূন্য থালা,
পূণ্য-লোক রক্তে-ঢালা,
দৈত্য সেথা নৃত্য করে মৃত্যু-সাজে,
দাও শরণ তব চরণ মরণ মাঝে ॥

NATIONAL ARCHIVES OF INDIA

ভৈরবী—আদ্ধা কাওয়ালী

তিমির-বিদারী অলখ-বিহারী
কৃষ্ণ মুরারি আগত ঐ।
টুটিল আগল, নিখিল পাগল,
সর্ব্বসহা আজি সর্ব্বজয়ী ॥

বহিছে উজান অশ্রু-যমুনায়,
হৃদি-বৃন্দাবনে আনন্দ ডাকে, আয়,
বসুধা-যশোদার স্নেহ-ধার উথলায়,
কাল্-রাখাল নাচে থৈ তাথৈ ॥

বিশ্ব ভরি' ওঠে স্তব নমো নমঃ,
অরির পুরী-মাঝে এল অরিন্দম !

ঘিরিয়া দ্বার বৃথা জাগে প্রহরীজন,
কারার মাঝে এল বন্ধ-বিমোচন,
ধরি' অজানা পথ আসিল অনাগত,
জাগিয়া ব্যথাহত ডাকে, মাভৈঃ ॥

NATIONAL ARCHIVES OF INDIA

টোড়ি—একতালা

নাহি ভয় নাহি ভয়।
মৃত্যু-সাগর মন্থন শেষ,
আসে মৃত্যুঞ্জয়॥

হত্যায় আসে হত্যা-নাশন,
শৃঙ্খলে তাঁর মুক্তি-ভাষণ.
অন্ধ কারায় তমো-বিদারণ
জাগিছে জ্যোতির্ম্ময়

ব্যথিত হৃদয়-শতদলে তাঁর
আঁখি-জল-ঘেরা আসন বিথার।

ব্যথা-বিহারীরে দেখিবি কে আয়,
ধ্বংসের বুকে শঙ্খ বাজায়।
নিখিলের হৃদি-রক্ত-আভায়
নবীন অভ্যুদয়॥

NATIONAL ARCHIVES OF INDIA

ফরবারী কানাড়া—গীতাঙ্গী

কারা-পাষাণ ভেদি' জাগো নারায়ণ !
কাঁদিছে বেদী-তলে আর্ত্ত জনগণ,
বন্ধ-ছেদন জাগো নারায়ণ ॥

হত্যা-যূপে আজি শিশুর বলিদান,
অমৃত-পুত্রেরা মৃত্যু-ম্রিয়মাণ !
শোণিত-লেখা জাগে—নাহি কি ভগবান ?
মৃত্যুক্ষুধা জাগে শিয়রে লেলিহান !
শঙ্কা-নাশন জাগো নারায়ণ ॥

NATIONAL ARCHIVES OF INDIA

হিমন—কাওয়ালী

আজি শৃঙ্খলে বাজিছে মাভৈঃ—ব্রহ্মাভয়।
এ যে আনন্দ-বন্ধন, ক্রন্দন নয়॥

ওরে নাশিতে সবার এই বন্ধন-ত্রাস
মোরা শৃঙ্খল ধরি' তারে করি উপহাস,
সহি' নিষ্পীড়ন—পীড়নের আয়ু করি হ্রাস
এ যে রুদ্র-আশীর্ব্বাদ—লৌহ-বলয়॥

মোরা অগ্র-পথিক অনাগত দেবতার,
এই শৃঙ্খল বন্দিছে চরণ তাহার,
শোন্ শৃঙ্খলে তাঁর আগমনী-ঝঙ্কার।
হবে দৈত্য-কারায় নব অরুণ উদয়।

NATIONAL ARCHIVES OF INDIA

মল্লার—কাওয়ালী

নিরন্ধ্র মেঘে মেঘে অন্ধ গগন।
অশান্ত-ধারে জল ঝর ঝরে অবিরল,
ধরণী ভীতি-মগন॥

ঝঞ্ঝার ঝল্লরী বাজে ঝননননন,
দীর্ঘশ্বসি' কাঁদে অরন্য শনশন,
প্রলয়-বিষাণ বাজে বজ্রে ঘনঘন,
মূর্চ্ছিত মহাকাল-চরণে মরণ॥

শুধিবেনা কেহ কি গো এই পীড়নের ঋণ,
দুঃখ-নিশি-শেষে আসিবেনা শুভ দিন?

দুষ্কৃতি বিনাশায় যুগ-যুগ-সম্ভব,
অধর্ম্ম নিধনে এস অবতার নব!
"আবিরাবির্ম এধি" ও ওঠে রব,
জাগৃহি ভগবন্, জাগৃহি ভগবন্॥

যোগিয়া—একতালা

জাগো হে রুদ্র, জাগো রুদ্রাণী,
কাঁদে ধরা দুখ-জরজর !
জাগো গৌরী, জাগো হর !

আজি শস্য-শ্যামা তোদের কন্যা
অন্নবস্ত্রহীনা অরণ্যা,
সপ্তসাগর-অশ্রু-বন্যা
কাঁপিছে বুকে থরথর ॥

আর সহিতে পারিনা অত্যাচার,
লহ এ অসহ ধরার ভার ।

গ্রাসিল বিশ্ব লোভ-দানব.
হা হা স্বরে কাঁদিছে মানব,
জাগো ভৈরবী জাগো ভৈরব
ত্রিশূল খড়্গ ধর ধর ॥

NATIONAL ARCHIVES OF INDIA

সিন্ধু-কাফি—ঠুংরী

কেঁদে যায় দখিণ-হাওয়া ফিরে ফুল-বনের গলি।
'ফিরে যাও চপল পথিক', দু'লে কয় কুসুম-কলি।
দু'লে দু'লে কয় কুসুম-কলি॥

ফেলিছে সমীর দীরঘশ্বাস—আসিবেনা আর এ মধুমাস,
কহে ফুল, 'জনম জনম এমনি গিয়াছ ছ'লি'।
জনম জনম গিয়াছ ছ'লি'॥

কহে বায়, 'রজনী-ভোরে বাসি ফুল পড়িবে ঝ'রে'।
কহে ফুল, 'এমনি ক'রে আমি ফুল-চোরেরে দলি'
এমনি কুসুম-চোরেরে দলি॥

কাঁদে বায়, 'নিদাঘ আসে আমি যাই সুদূর বাসে'.
ফুটে ফুল হাসিয়া ভাষে, 'প্রিয়তম, যেয়োনা চলি'।
ওগো 'প্রিয়তম, যেয়োনা চলি'॥

NATIONAL ARCHIVES OF INDIA

খাম্বাজ-পিলু—কাহার্বা

ঐ পথ চেয়ে থাকি
আর কত বনমালি
করে কানাকানি লোকে,
দেয় ঘরে পরে গালি

মোর কূলের বাঁধন খু'লে
হায় ভাসালে অকূলে,
শেষে লুকালে গোকুলে
একি রীতি চতুরালি

NATIONAL ARCHIVES OF INDIA

পিন্ধু বারোয়াঁ।—ঠুংরী

আজি পূর্ণশশী কেন মেঘে ঢাকা।
মোরে স্মরিয়া রাধিকাও হ'ল কি বাঁকা॥

কেন অভিমান-শিশিরে মাখা কমল,
কাজল-উজল-চোখে কেন এত জল,
লহ মুরলি হরি লহ শিখী-পাখা॥

NATIONAL ARCHIVES OF INDIA

চন্দ্রবিন্দু

শিশু খাম্বাজ—ঐংরা

মৃদুল মন্দে মঞ্জুল ছন্দে
মরাল মদালস নাচে আনন্দে

তরঙ্গ-হিল্লোলে শতদল দোলে,
শিশু অরুণে জাগায় অমা-যামিনীর কোলে,
শুষ্ক কানন ভরে বকুল-গন্ধে ॥

নন্দন-উপহার ধরণীর করে,
শুভ্র পাখায় শুভ আশীষ ঝরে।
মিলন-বসন্তের দূত আগমনী,
কণ্ঠে সুমঙ্গল শঙ্খের ধ্বনি,
কুহু কেকা গাহে মধুর দ্বন্দ্বে ॥

NATIONAL ARCHIVES OF INDIA

তোড়ি—কাওয়ালী

এস এস তব যাত্রা-পথে
শুভ বিজয়-রথে
ডাকে দূর সাথী ।
মোরা তোমার লাগি' হেথা রহিব জাগি'
তব সাজায়ে বাসর জ্বালি' আশার বাতি ॥
হের গো বিকীর্ণ শত শুভ চিহ্ন
পথ-পাশে নগর-বাটে.
স-বৎসা ধেনু গো-খুর-রেণু
উড়ায়ে চলে দূর মাঠে ।
দক্ষিণ-আবর্ত্ত বহ্নি,
পূর্ণ-ঘট-কাঁখে তন্বী.
দোলে পুষ্প-মালা ঝলে শুক্লা রাতি ॥

NATIONAL ARCHIVES OF INDIA

হের পতাকা দোলে দূর তোরণ-তলে,
গজ তুরগ চলে।
শুক্লা ধানের ঢের মঞ্জরী ঐ,
এস কল্যাণী গো
আনো নব প্রভাতী ॥

———

NATIONAL ARCHIVES OF INDIA

দুর্গা—দাদ্‌রা

প্রণমি তোমায় বন-দেবতা।
শাখে শাখে শুনি তব ফুল-বারতা—
দেবতা ॥

তোমার ময়ূর তোমার হরিণ
লীলা-সাথী রয় নিশিদিন,
বিলায় ছায়া বাণী-বিহীন
তরু ও লতা—
দেবতা ॥

NATIONAL ARCHIVES OF INDIA

কামোদ—একতালা

ফুলে ফুলে বন ফুলেলা।
ফুলের দোলা, ফুলের মেলা,
ফুল-তরঙ্গে ফুলের ভেলা ॥

ফুলের ভাষা ভ্রমর শুঞ্জে
দোলন-চাঁপার ঝুলন-কুঞ্জে,
মুহু মুহু কুহরে কুহু
সহিতে না পারি ফুল-ঝামেলা ॥

NATIONAL ARCHIVES OF INDIA

গৌড়-সারং—কাওয়ালী

শুক্লা জ্যোৎস্না-তিথি, ফুল্ল পুষ্প-বীথি,
গন্ধ-বর্ণ-গীতি-আকুল উপবন।
চিত্ত স্বপ্নাতুর, অঙ্গ চুর চুর,
মাগে হৃদি-পুর সুন্দর-পরশন ॥

চন্দন-গন্ধিত মন্দ দখিণা বায়
নন্দন-বাণী ফুলে ফুলে কয়ে যায়,
তনু মন জাগে রাঙা অনুরাগে,
মনে লাগে আজ বাসর-জাগরণ।
আজি মাধবী-বাসর জাগরণ ॥

NATIONAL ARCHIVES OF INDIA

সিন্ধু-কাফি কাফা

কুসুম-সুকুমার শ্যামল-তনু
হে বন-দেবতা, লহ প্রণাম।
বিটপী বতায় চিকণ পাতায়
ছিটাও হাসি কিশোর শ্যাম ॥

ঘনায় মায়া তোমার কায়া
কাজল-কালো ছায়া-শীতল,
পরিমল-সুরভিত কুন্তল,
ময়ূর-কুরঙ্গে লয়ে খেল সঙ্গে,
চরণ ভঙ্গে ফোটে শাখে ফুলদল।
কুহরে কোকিল পাগল (গো)!
নয়নাভিরাম হে চির-সুন্দর,
রচিলে ধরায় অমর ধাম ॥

NATIONAL ARCHIVES OF INDIA

সিন্ধু—কাওয়ালী

বন-বিহারিণী চপল হরিণী
চিনি আঁখিতে চিনি কানন-নটিনীরে।
ছু'টে চলে যেন বাঁধ-ভাঙা তটিনী রে॥

নেচে নেচে চলে ঝর্ণার তীরে তীরে।
ছায়া-বীথি-তলে কভু ধীরে চলে,
চকিতে পলায় নিজ-ছায়া হেরি'
গিরি-শিরে।

NATIONAL ARCHIVES OF INDIA

চন্দ্রবিন্দু

খাম্বাজ-পিলু—ঠুংরী

নিস্তুতি রাতের শশী (গো)।
ঘুমায়ে সকলে নিশীথ নিঝুম,
হরিল কে তব নয়নের ঘুম,
কার অভিসারে জাগো গগন-পার
চাঁদ-ভোলানো সে কোন্ রূপসী।

লুকায়ে হেরি আমি অভিসার তব,
তারকারা হেরে লুকায়ে নীরব,
কপট ঘুম ভাঙি' হের হাসিছে সব
দূর অলকার বাতায়নে বসি'।

NATIONAL ARCHIVES OF INDIA

জয়জয়ন্তী—একতালা।

তোর বিদায়-বেলার বন্ধুরে
দে'খে নে নয়ন পু'রে।
সে যায় মিশে ঐ কোন্ দূরে
বেলা-শেষের শেষ সুরে॥

ঘুমের মাঝে বন্ধু তোর,
ছিঁড়্‌বে বাহুর বাঁধন-ডোর!
যাবে নয়ন, র'বে নয়ন-লোর,
যায় রে বিহগ যায় উ'ড়ে॥

তুই বহাবি নদী কেঁদে,—
পাষাণে হৃদয় বেঁধে
তবু যেতে হবে তায়
অসহায়—অচিন পুরে॥

NATIONAL ARCHIVES OF INDIA

কাজরী—হোরী-ঠৈকা

ঘোর ঘন ঘটা ছাইল গগন।
ভুবন গভীর বিষাদ-মগন॥

বারিধারে কাঁদে চারিধার আজি,
খসিয়া খসিয়া ঝুরিছে পবন॥

নাহি রবি শশী নাহি গ্রহ তারা,
নিখিল নয়নে শ্রাবণের ধারা,
বিশ্ব ডুবাল গো শোকের প্লাবন॥

NATIONAL ARCHIVES OF INDIA

দেশ-সুরট—একতালা

কেন করুণ সুরে হৃদয়-পুরে
বাজিছে বাঁশরী।
ঘনায় গহন নীরদ সঘন
নয়ন মন ভরি' ॥

বিজলী চমকে পবন দমকে
পরাণ কাঁপে রে,
বুকের বঁধুরে বুকে বেঁধে ঝুরে
বিধুরা কিশোরী ॥

NATIONAL ARCHIVES OF INDIA

খাম্বাজ—মধ্যমান

কেন আসে কেন তা'রা চ'লে যায়—
ক্ষণেক তরে ॥

কুসুম না ফুটিতে কেন ফুল-মালি,
ছিঁড়িয়া সাজি ভরে কানন ক'রে খালি,
কাঁটার স্মৃতি বেঁধে লতার বুকে হায়
ব্যথা-ভরে ॥

ছাড়িয়া স্নেহ-নীড় সুদূর বন-ছায়
বিহগ-শিশু-কেন সহসা উ'ড়ে যায়,
কাঁদে জননী তার ঝরা পালক খানি
বুকে ধ'রে ॥

NATIONAL ARCHIVES OF INDIA

ইমন—কাওয়ালী

জয় মর্ত্ত্যের অমৃতবাদিনী চির-আয়ুষ্মতী !
জয় নারী-রূপা দেবী পুণ্যশ্লোকা সতী ॥

জয় অগ্নিহোত্রী অয়ি দীপ্তা উগ্র-তপা জ্যোতির্ম্ময়ী ।
জয় সুর-লোক-বাঞ্ছিতা, সতী মহিমার গীতা, মৃত্যু-জয়ী !
জয় সীমন্তে নবারুণ, ধরণীর অরুন্ধতী ॥

চির-শুদ্ধাচারিণী চির-পবিত্রা সুমঙ্গলা,
চির-অবৈধব্য-ব্রতা তুমি চিরপূজ্যা মা, নহ অবলা !
মা গো যুগে যুগে চির ভাস্বর তুমি ঊর্দ্ধীচি জ্যোতি ॥

তব সীমন্ত-সিন্দুর মাগে, মা গো, বিশ্ব-বধূ,
মা গো মৃত্যুঞ্জয়ী তব তপস্যা দাও, দাও আশীষ-মধু !
সব কন্যা জায়া যাচে তব রব, করে প্রণতি ॥

NATIONAL ARCHIVES OF INDIA

ভৈরবী - আদ্ধা-কাওয়ালী

জাগো—
জাগো বধূ জাগো নব বাসরে।
গৃহ-দীপ জ্বালো কল্যাণ-করে ॥

ভুবনের ছিলে, এলে ভবনে,
স্বপন হ'তে এলে জাগরণে,
শ্রী-মতী আসিলে শ্রী-হীন ঘরে ॥

স্বপন-বিহারিণী অকুণ্ঠিতা,
পরিলে গুণ্ঠন সলাজ ভীতা,
কমলা আসিলে কাঁকন প'রে ॥

NATIONAL ARCHIVES OF INDIA

ভৈরবী—সেতারখানী

বনে বনে জাগে কি আকুল হরষণ
ফুল-দেবতা এল দিতে ফুল-পরশন ।

হরিৎতর আজি পল্লব বন-বাস,
মুকুল-জাগানিয়া সমীরণ কেলে শ্বাস,
বেপথু লতা যাচে মধুপের দরশন ।

কিশোর-হিয়া-মাঝে যৌবন-দেবতা
গোপনে আনে নব জাগরণ-বারতা,
বধূর সাথে খোঁজে বঁধু বন নিরজন ।

NATIONAL ARCHIVES OF INDIA

মালবশ্রী—কাওয়ালী

নয়নে ঘনাও মেঘ, মালবিকা !
গগনে জাগাও তব নীরদ-লিখা ।

বিদ্যুৎ হানে যদি গরজায় বাজ,
সুন্দর মৃত্যুরে নাহি ভয় আজ,
আমার এ বনে এস মনোবালিকা ।

ঝরুক এ শিরে মোর ঘন বরষা,
ফুটিবে কাননে ফুল আছে ভরসা
এস জল-ছলছল পথে অভিসারিকা ।

NATIONAL ARCHIVES OF INDIA

সর্বক্ষণ্ণা - একতালা

সুন্দর হে, দাও দাও সুন্দর জীবন
হউক দূর অকল্যাণ সকল অশোভন।

এ প্রাণ প্রভাতী তারার প্রায়
ফুটুক উদয়-গগন গায়,
দুঃখ-নিশায় আন পূর্ণ চাঁদের স্বপন।

সকল বিরস হৃদয় মন সরস কর হে,
আশার সূর্যে মৃত্যু-গহন বিষাদ হর হে।

কাঁটার উর্দ্ধে ফোটাও ফুল,
ভোলাও পথের দুঃখ ভুল,
এ বিশ্ব হোক পূজা-দেউল
পবিত্র-মোহন।

NATIONAL ARCHIVES OF INDIA

সাজগিরি—নিভাজী

তুষার-মৌলি জাগো জাগো গিরি-রাজ।
পঙ্গু তোমারে আজি হানিতেছে লাজ ॥

রুদ্র ও রুদ্রাণী অঙ্কে যাহার,
দৈত্য হরিছে আজ সম্মান তার।
হে মহা-মৌনী জাগো পর নব সাজ ॥

স্বর্গ তোমার শিরে, পদতলে হায়,
আর্য্যাবর্ত্ত কাঁদে চির-অসহায়!
মেঘ-লোক হ'তে হান দৈত্যারি বাজ ॥

NATIONAL ARCHIVES OF INDIA

সাজগিরি—কিভালী

তুষার-মৌলি জাগো জাগো গিরি-রাজ !
পঙ্গু তোমারে আজি হানিতেছে লাজ ॥

রুদ্র ও রুদ্রাণী অঙ্কে যাহার,
দৈত্য হরিছে আজ সম্মান তার ।
হে মহা-মৌনী জাগো পর নব সাজ ॥

স্বর্গ তোমার শিরে, পদতলে হায়,
আর্য্যাবর্ত্ত কাঁদে চির-অসহায় !
মেঘ-লোক হ'তে হান দৈত্যারি বাজ ॥

NATIONAL ARCHIVES OF INDIA

পিনু- কাহার বা

কে যাবি পারে আয় ত্বরা করি'
তোঁর খেয়া-ঘাটে এল পূণ্য-তরী ॥

আবু-বকর, উমর, উস্‌মান, আলি হাইদর,
দাঁড়ী এ সোনার তরণীর, পাপী সব নাই নাই আর ডর,
এ তরীর কাণ্ডারী আহমদ্, পাকা সব মাঝি ও মাল্লা,
মাঝিদের মুখে সারীগান শোন্ ঐ—লাশরীক আল্লাহ ।
মোরা নরক-আগুনে আর নাহি ডরি ॥

শাফায়ত্ পাল ওড়ে তরীর অনুকূল হাওয়ার ভরে,
ফেরেশ্‌তা টানিছে তার গুণ, ভিড়িবে বেহেশ্‌তী-চরে
ইমানের পারানী কড়ি আছে যার আয় এ সোনার নায়,
যাবি চল পারের পথিক কলেমার জাহাজ-ঘাটায় ।
ফির্-দৌস্ হ'তে ডাকে হুরী পরী ॥

NATIONAL ARCHIVES OF INDIA

বাগেশ্রী-সিন্ধু—কাহারবা

বক্ষে আমার কা'বার ছবি,
চক্ষে মোহাম্মদ রসুল।
শিরোপরি মোর খোদার আরশ,
গাই তারি গান পথ-বেভুল॥

লায়লির প্রেমে মজনু পাগল,
আমি পাগল 'লা-ইলা'র,
বাঁধে আমায় প্রেমিক দরবেশ,
অ-রসিকে কয় বাতুল॥

হৃদয়ে মোর খুশীর বাগান,
বুলবুলি তায় গায় সদাই—
ওরা খোদার দয়া যাচে,
আমি খোদার 'ইশ্‌ক্' চাই।

NATIONAL ARCHIVES OF INDIA

আমার মনের মস্‌জিদে দেয়
আজান প্রেমের 'মুয়াজ্জিন'.
প্রাণের 'পরে কোরান লেখা
'রুহ্' পড়ে তা' রাত্রিদিন।

খাতুনে-জিন্নাত্ আমার মা,
হাসান হোসেন চোখের জল,
ভয় করিনা 'রোজ-কিয়ামত্'
পুল্‌সিরাতের কঠিন পুল ॥

NATIONAL ARCHIVES OF INDIA

কর্মিক গান

NATIONAL ARCHIVES OF INDIA

শ্রীচরণ ভরসা

সোহিনী—একতালা

কোরাস্ :—

থাকিতে চরণ মরণে কি ভয়
নিমেষে যোজন ফরসা।
মরণ-হরণ নিখিল-শরণ
জয় শ্রীচরণ ভরসা॥

গর্ব্বের শির খর্ব্ব মোদের ?
চরণ তেমনি লম্বা !
শৈশব হ'তে আ-মরণ চলি
সবারে দেখায়ে রম্ভা।
সার্জ্জেণ্ট যবে আর্জ্জেণ্ট-মা'র
হাতে ক'রে আসে তাড়ায়ে,
না হয়ে ক্রুদ্ধ পদ প্রবুদ্ধ
সম্মুখে দিই বাড়ায়ে॥

NATIONAL ARCHIVES OF INDIA

কোরাস্ :—
থাকিতে চরণ মরণে কি ভয়,
নিমেষে যোজন ফরসা।
মরণ-হরণ নিখিল-শরণ
জয় শ্রীচরণ ভরসা।

বপু কোলা ব্যাং, রবারের ঠ্যাং
প্রয়োজন মত বাড়ে গো,
সমানে আঁদাড়ে বনে ও বাদাড়ে
পগারে পুকুর-পাড়ে গো!
লখিতে চকিতে লঙ্ঘিয়া যায়
গিরি দরী বন সিন্ধু,
এই এক পথে মিলিয়াছি মোরা
সম মুসলিম হিন্দু॥

কোরাস্ :—
থাকিতে চরণ মরণে কি ভয়,
নিমেষে যোজন ফরসা।
মরণ-হরণ নিখিল-শরণ
জয় শ্রীচরণ ভরসা॥

কহিতেছে নাকি বিশ্ব, আমরা
রণে পশ্চাতে হেঁটে যাই?

NATIONAL ARCHIVES OF INDIA

পশ্চাত্-দিয়ে ছুটে কেউ ? হেসে
মরিব কি দম ফেটে ছাই !
ছুটি যবে মোরা—সুমুখেই ছুটি,
পশ্চাতে পাশে হেরি না !
সাম্‌নে হোটারে পিছু হাঁটা বল ?
রাঁচি যাও, আর দেরী না ॥

কোরাস্ ঃ—

থাকিতে চরণ মরণে কি ভয়
নিমেষে যোজন করসা ।
মরণ-হরণ নিখিল-শরণ
জয় শ্রীচরণ ভরসা ॥

আমাদের পিছে ছুটিতে ছুটিতে
মৃত্যু পড়িবে হাঁপায়ে,
জিভ্ বার হয়ে পড়িবে যমের,
জীবন তখন বাঁ পায়ে !
মোরা দেব-জাতি ছিনু যে একদা,
আজ তার স্মৃতি চরণে.
ছুটিনা ত, যেন উ'ড়ে চলি নভে.
থাকেনাকো ধূলি পরণে ॥

NATIONAL ARCHIVES OF INDIA

কোরাস্ :—

থাকিতে চরণ মরণে কি ভয়,
নিমেষে যোজন ফরসা।
মরণ-হরণ নিখিল-শরণ
জয় শ্রীচরণ ভরসা ॥

বাপ-পিতামোর প্রদর্শিত এ
পথ মহাজন-পিষ্ট,
গোস্বামী মতে পরাহেও বাবা
এ পথে মিলিবে ইষ্ট।
ম'রে যদি যাও, তা হ'লে ত তুমি
একদম গেলে মরিয়াই!
চরণের জোরে মরণ এড়াও,
বাঁচিবে চরণ ধরিয়াই ॥

কোরাস্ :—

থাকিতে চরণ মরণে কি ভয়,
নিমেষে যোজন ফরসা
মরণ-হরণ নিখিল-শরণ
জয় শ্রীচরণ ভরসা ॥

NATIONAL ARCHIVES OF INDIA

তৌবা

বেহাগ-খাম্বাজ--দাদ্‌রা

দ্যাখো হিন্দুস্থান সায়েব মেমের,
রাজা আংরেজ হারাম-খোর।
ওদের পোষাকের চেয়ে অঙ্গই বেশী,
হাঁটু দেখা যায় হাঁটিলে জোর!
আর মেয়েরা ওদের মদ্দের সাথে
রাজপথে করে গলাগলি,
আরে শুধু তাই নয়, নাচে গলা ধ'রে
ব্যাণ্ড বাজায়ে ধলা ধলী॥

কোরাস :—আরে তৌবা! আরে তৌবা!!

আরে যাবে কোথা মিঞা? চৌদিক ঘিরে
টিকি বেঁধে শিরে কাকের হায়,
খাই আমরা হারাম সুদ? আরে যাও
ওরা যে তেম্‌নি কাঁকড়া খায়!

NATIONAL ARCHIVES OF INDIA

দ্যাখো ষাঁড়-পোড়া খেলে হাড় মোটা হয়,
সোজা কথাটা কি বুঝিলে ছাই !
আর খাসি নাহি ক'রে বোদা পাঁঠা ধ'রে
কেটে খায়, করেনাকো জবাই ॥

কোরাস্ ঃ—আরে তৌবা ! আরে তৌবা !!

দ্যাখো মেয়েরা ওদের বোর্‌কা না দিয়ে
রেল ও জাহাজে চড়িয়া যায়,
মোদের বোর্‌কা দেখিলে ছেলেরা ওদের
জুজুবুড়ী ব'লে ভীম্মি খায় ।

আরে ইজ্জৎ তবু থাকে ত মোদের,
যক্ষ্মায় নয় মরে শতক,
ওরে উহাদের মত বেরুলে বিবিরা
যদি কেউ দেখে হয় "আশক" !

কোরাস্ ঃ—আরে তৌবা ! আরে তৌবা !!

আরে আমাদের মত দাড়ি কৈ ওদের ?
লাগিলে যুদ্ধ নাড়িবে কি ?
আর উহাদের মত কাছা কোঁচা নাই,
ধরিলে মোদের ফাড়িবে কি ?

NATIONAL ARCHIVES OF INDIA

ছার অস্ত্র লইয়া কি হবে, আমরা
বস্ত্র যা পরি ধান খানিক,
তাতে তৌবা তৌবা করি যদি, যাবে
কামানের গোলা আটকে ঠিক ।

কোরাস্ ঃ—সোব্হানআল্লা ! সোব্হান আল্লা !!

দ্যাখো তুর্কিরা বটে ছাঁটিয়া ফেলেছে
তুর্কি নয় ও মাথার কেজ,
আর "দীন-ই-ইস্লাম" ছেড়ে দিয়ে শুধু
তলোয়ারে তারা দিতেছে তেজ !

আরে বাপ দাদা ক'রে দিয়েছে লড়াই,
আমরা খাম্খা কেন লড়ি !
দেহে ইস্লামী জোশ আনাগোনা করে
"ছহি জংনামা" যবে পড়ি ।।

কোরাস্ ঃ—সোভানাল্লা সোভানাল্লা !!

মোরা মস্জিদে বসি নামাজ পড়ি যে,
রক্ষা কি আছে বিধর্মীর ?
ওরা "কাফুরের মত যাইবে ফুরায়ে"
অভিশাপ যদি হানেন পীর !

দ্যাখো পায়জামা চেপে রেখেছি আজিও
আমাদের এই পায়ের জোর,
আরে অকাই যদি পেতে হয়—দিব
মক্কার পানে সরল দৌড় ॥

কোরাস্ :—মাশাআল্লা ! ইন্‌শাআল্লা !!

জানো, দুনিয়ায় মোরা যত পাব দুখ,
বেহেশ্‌তে পাব ততই সুখ,
আর মেরে যদি হাত-চুলকুনি মেটে,
নে বাবা, তোদেরি আশ মিটুক ।
সবে পশ্চাৎ দিয়ে করিব জবাই,
আসুন "মেহেদী", থাম দুদিন
বাবা, মুষল লইয়া কুশল পুছিতে
আসিছে কাবুলী মুস্‌লেমীন ॥

কোরাস্ :—আল্লাহ্‌আক্‌বর্ ! আল্লাহ্‌আক্‌বর্ !

NATIONAL ARCHIVES OF INDIA

তাকিয়া নৃত্য

হিন্দোল—কাওয়ালী

নাচে মাড়োওয়ার লালা
নাচে তাকিয়া।
(নাচে) ভোঁদড় হিন্দোলে
ঝোঁপে থাকিয়া॥

পায়জামা প'রে যেন
নাচে গাণ্ডার,
নাচে সাড়ে পাঁচ মনী
ভুঁড়ি পাণ্ডার!
গণ্ডার ঢেউ নাচে
বয়া ঝাঁকিয়া॥

গামা নাচে, ধামা নাচে,
মুটকি নাচে,
জামা প'রে ভল্লুক
নাচিছে গাছে!
ঝগড়ে'টে বামা নাচে
ধিয়া তাধিয়া॥

NATIONAL ARCHIVES OF INDIA

চন্দ্রবিন্দু

"ছোট মিঞা" "বড় মিঞা"
বলি' কোলা ব্যাং
বৃষ্টিতে নাচে, নাড়ি'
নড়বড় ঠ্যাং !
(নাচে) গুজরাতী হাতী
কর্দ্দম মাখিয়া।

NATIONAL ARCHIVES OF INDIA

হিতে বিপরীত

কীর্ত্তন

আমি তুরগ ভাবিয়া মোরগে চড়িনু
(সে) লইল মিঞার ঘরে !
আমার কালি মা ছাড়ায়ে কলেমা পড়ায়ে
বুঝি মুসলিম করে !
আঁখর :—আমায় বুঝি মুসলিম করে গো !
শেষে আস্ত ধরিয়া গোস্ত খাওয়ায়ে—
মামদো করিবে গোরে গো !
আমার টিকি করি' দূর রেখে দেবে নূর
জবাই করিবে পরে গো !!

আমি বাসব ভাবিয়া রাসভে পূজিনু
স্বর্গে যাইতে সোজা,
সে যে লয়ে এঁদো ঘাটে, ফেলে দিল পাটে
ভাবিয়া ধোবির বোঝা।
আঁখর :—হ'ল হিতে বিপরীত সবি গো,
আমি ভবানী ভাবিয়া করিতে প্রণাম
হেরি বাগ্‌দিনী ভবি গো !

NATIONAL ARCHIVES OF INDIA

আমি শীতল হইতে চাহিনু, আনিল
শীতলা-বাহনে ধোবি গো !
বাবা শিবের বাহন ভাবিয়া বৃষভ-
লাঙ্গুল ঠেকানু ভালে,
হায় নিলনা সে পূজা, শিং দিয়ে সোজা
শুঁতায়ে ফেলিল খালে !
আঁখর :—আমার কপাল বেজায় ফুটো গো !
আমি জগন্নাথ হেরিতে হেরিনু
ধবল-কুষ্ঠী ঠুঁটো গো !
বাঁকা অঙ্গ হেরিয়া জড়ায়ে ধরিতে
হেরি ত্রিভঙ্গ খুঁটো গো !!

মোর মহিষী গৃহিণী খুশী হবে ভেবে
মহিষ কিনিয়া আনি !
বাবা মরি এবে ত্রাসে, শিং নেড়ে আসে
মহিষ, মহিষী রাণী !
আঁখর :—আমি কেমনে জীবন ধরি গো !
আমি "হরি বোল" ব'লে ডাকিতে হরি রে
হয়ে যায় "বল হরি" গো !

———

খিঁচুড়ি জন্তু

মালবশ্রী—কাওয়ালী

জন্তুর মাঝে ভাই উট—খিঁচুড়ি!
মদ খেয়ে সৃজিয়াছে স্রষ্টা-শুঁড়ি ॥

দো-তালার উঁচু আর তে-তালার কাঁক—
চিমে তে-তালার কাঁক,
অষ্টাবক্রীয় দশটা বাঁক,
হামা দিয়ে চলে যেন তাড়কা খুড়ী ॥

জিরাফের গলা তার ঘোটকিনী মুখ,
আগাগোড়া গোঁজামিল বাঁদু'রে ভালুক,
গাড়ীকে এ গাড়ী বাবা জুড়ীকে জুড়ী ॥

লাগিয়াছে দেহে গজ-কচ্ছপ রণ,
কচ্ছপী পিঠ আর গজ-সী চরণ,
আরবের হাজি মিঞা—বাপ্‌রে, থুড়ী ॥

NATIONAL ARCHIVES OF INDIA

যদি

কীর্ত্তন

যদি শালের বন হ'ত শালার বোন্
আর ক'নে বৌ হ'ত ঐ গৃহেরি কোণ।
ছেড়ে যেতাম না গো.
আমি থাকিতাম প'ড়ে শুধু, খেতাম না গো!
যদি শালের বন হ'ত শালার বোন্—
আমি ঐ বনে যে হারিয়ে যেতাম!
ঐ বৃন্দাবনে চারিয়ে যেতাম!

ঐ মাকুন্দ হ'ত যদি কুন্দ-বালা,
হ'ত দাড়িম্ব-সুন্দরী দাড়ীওয়ালা!
আমি ঝুঁ'লে যে পড়িতাম
তার দাড়ি ধ'রে—
ওগো দুর্গা ব'লে—
আমি ঝুঁ'লে যে পড়িতাম!

NATIONAL ARCHIVES OF INDIA

হ'ত চিম্‌টি শালীর যদি বাব্‌লা কাঁটা,
আর শর-বন হ'ত তা'র খ্যাংরা ঝাঁটা !

দোয়ার্কি :—বিষ ঝেড়ে যে দিত তোর খ্যাংরা মে'রে
বিষ ঝেড়ে যে দিত তোর !

যদি একই শালী
দিলে গো মা কালি,
সে যে শালী নয় বিশালী (মা গো)
মাগো বিশাল বপু তা'র
বিশালী সে—শালী নয় শালী নয় !

NATIONAL ARCHIVES OF INDIA

প্যাক্ট

কোরাস্ ঃ—

বদনা গাড়ুতে গলাগলি করে,
নব প্যাক্টের আস্নাই,
মুসলমানের হাতে নাই ছুরী,
হিন্দুর হাতে বাঁশ নাই ॥

আঁটসাঁট ক'রে গাঁট-ছড়া বাঁধা
হ'ল টিকি আর দাড়ীতে,
"বন্ধু আঁটুনি ফস্কা গেরো" ? তা
হয় হোক তাড়াতাড়িতে !
একজন যেতে চাহিবে সুমুখে,
অন্যে টানিবে পিছনে,
ফস্কা সে গাঁট হয়ে যাবে আঁট
সেই টানাটানি ভীষণে !

বুকে বুকে মিল হ'লনাকো, মিল
হ'ল পিঠে পিঠে ? তাই সই !
মিঞা ক'ন,"কোথা দাদা মোর ?" আর
বাবু ক'ন, "মিঞাভাই কই ?"

NATIONAL ARCHIVES OF INDIA

বাবু দেন মেখে দাড়িতে "খেজাব",
মিঞা চৈতানে তৈল,
চার চোখে করে আড়া-চোখাচোখী,
কি মধু-মিলন হইল !

বাবু ক'ন, "খাই তোমারে তুষিতে
ঐ নিষিদ্ধ কুক্‌ড়ো !"
মিঞা ক'ন,"মিল আরো জমে দাদা,
যদি দাও দুটো টুক্‌রো !
মোদের মুর্গী হ'ল রামপাখী
দাদা, তাও হ'ল শুদ্ধি ?
বাদ্‌শাহী গেছে, মুর্গীও গেল,
আর কার লোভে যুদ্ধি ।"

বাবু ক'ন, "পরি লুঙি বি-কচ্ছ
তোমাদের দিল্ তুষিতে !"
মিঞা ক'ন, "রাখি কেজে চৈতনী-
ঝাণ্ডা সেই সে খুশীতে !
আমাদের কত মিঞা ভাই করে
বাস তব বারানসীতে,

NATIONAL ARCHIVES OF INDIA

(আর) বাত হ'লে ভাই ভাত খাইনাকো
আজো ভাই একাদশীতে !!"

বাবু ক'ন, "দ্যাখো চটিকা ছাড়িয়া
সেলিমী নাগ্‌রা ধরেছি !"
মিঞা ক'ন "গরু জবাইএর পাপ
হ'তে তাই দাদা ডরেছি !"
বাবু ক'ন, "এত ছাড়িলেই যদি,
ছেড়ে দাও খাওয়া বড়টা !"
মিঞা ক'ন, "দাদা, মুর্গী ত নাই,
কি দিয়া খাইব পরটা !"

বাবু ক'ন, "গরু কোরবানী করা
ছেড়ে দাও যদি মিঞা ভাই,
তোরে সিনান করায়ে সিঁদুর পরায়ে
মা'র মন্দিরে নিয়া যাই !"
মিঞা ক'ন,"যদি আল্লামিঞার
ঘরে নাহি লও হরিনাম,
বলদের সাথে ছাড়িব তোমারে
যা হয় হ'বে সে পরিণাম !"

NATIONAL ARCHIVES OF INDIA

"সারা রারা রারা" সহসা অদূরে
উঠিল হোরির হর্‌রা,
শম্ভু ছুটিল বম্বু তুলিয়া
হুকুমিঞা নিল হোর্‌রা !
লাগিল হেঁচ্‌কা হেঁইয়ো হাঁইয়ো
টিকি দাড়ি ওড়ে শূন্যে—
ধর্ম্মে ধর্ম্মে করে কোলাকুলি
নব প্যাক্‌টেরি পূণ্যে ।

বদ্‌না গাড়ুতে পুনঃ ঠোকাঠুকি,
রোল উঠিল "হা হন্ত",
উর্দ্ধে থাকিয়া সিঙ্গী-মাতুল
হাসে 'ছর্‌কুটি' দন্ত !
মসজিদ পানে ছুটিলেন মিঞা,
মন্দির পানে হিন্দু,
আকাশে উঠিল চির-জিজ্ঞাসা,—
করুণ চন্দ্রবিন্দু !

NATIONALARCHIVES OF INDIA

সর্দ্দা বিল

ডুব্‌লো ফুটো ধর্ম্ম-তরী
ফাট্‌ল মাইন সর্দ্দার।
উঠ্‌ল মাতম সামাল সামাল
ব-মাল মেয়ে মর্দ্দার॥

(১)

এ কোন্ এল বালাই, এবে
পালাই বল কোন্ দেশ।
গাছের তলায় ঘড়েল্ শেয়াল,
কাকের মুখে সন্দেশ!
কন্যা-ডোবা বন্যা এল
ডুব্‌ল বুঝি ঘর দ্বার॥

NATIONAL ARCHIVES OF INDIA

(২)

আয়েস্ ক'রে বিয়ের মেয়ের
বাড়্‌বে বয়েস চৌদ্দ,
বাপের বুকের তপ্ত খোলায়,
দিব্যি গেয়ান-বোধ ত !
হদ্দ হ'লেন বৌদি ভেবে,
ছাড়্‌ল নাড়ী বড়্‌দা'র ॥

(৩)

শূন্য স্বর্গ-মার্গে যেত
গৌরীদানের মাহাত্ম্য
যমের যমজ জামাতৃকে
লিখে দিয়ে কারখত্ ।
নৈক্ষ্য কষা এখন,
ভাত্ গেল "মেল খড়্‌দা"র ॥

(৪)

দেব্‌তা বুড়ো শিব যে মাগেন
আট-বছরী নাত্‌নী,
চতুর্দ্দশী-মুক্ত-কেশী—
ক'নে নয়, সে হাথ্‌নী !
পুঁটুলি নয়, এঁটুলি সে,
কিম্বা পুলিশ সর্দ্দার ॥

NATIONAL ARCHIVES OF INDIA

(৫)

সিঙ্গি চড়া ধিঙ্গি মেয়ে
বৌ হ'বে কি, বাপ্‌রে !
প্রথম প্রণয়-সম্ভাষণেই
হয়ত দেবে থাপ্‌ড়ে' !
লাফ দিয়ে সে বাইরে যা'বে
ঝাঁপ খু'লে ঐ পদ্দার ॥

(৬)

সম্বন্ধ তু'লে শেষে
যা' তা' ব'লে ডাক্‌ব ?
বধূ ত নয়—যদুর পিশি !
কোথায় তা'রে রাখ্‌ব ?
ধর্ম্মিনী নয়, জার্ম্মানী-শেল !
গো-স্বামী ! খবরদার !

(৭)

ঠাকুর ভাশুর মান্‌বে না কো,
রাখ্‌বেনা মান দুর্গার,
হয়ত কবে বল্‌বে—"পিও,
ঝোল রেঁধেছি মুর্গার !"
আন্‌বে কে বাপ গুর্খা-সিপাই
দন্ত-নখর-বর্দ্দার ॥

NATIONAL ARCHIVES OF INDIA

(৮)

টাকাতে নয়, ভাব্‌নাতে শেষ
মাথাতে টাক পড়্‌বে !
যোদ্ধা ঘামা গুটিয়ে জামা
কথায় কথায় লড়্‌বে !
যেই পা'বে না শেমিজ বডিস্‌
কৌটো পানের জর্দ্দার ॥

(৯)

জা'ত মেরেছিস, ভেবেছিস্‌
জাতিটা নয় যাক্‌গে,
গৃহিণী রূপ গ্রহণীরোগ
তাও ছিল শেষ ভাগ্যে !
দোক্তা ফেলে গিন্নি কাঁদেন,
কর্ত্তা চলেন হর্ষার ॥

NATIONAL ARCHIVES OF INDIA

লীগ-অব্-নেশন্

[সিংহ = ইংরাজ ॥ হস্তী = ভারতবর্ষ ॥ বাঘ = ফ্রান্স ॥
ভল্লুক = রুষিয়া ॥ হাঙর = ইটালি ॥ নেকড়ে = অষ্ট্রীয়া ॥
শিবা = গ্রীস ॥ হায়েনা = আমেরিকা ॥ ঈগল = জার্ম্মাণী ॥]

কোরাস :—

বসেছে শান্তি-বৈঠকে বাঘ,
সিংহ, হাঙর, নেক্‌ড়ে !
বৈষ্ণব গরু, ছাগ, মেষ এসে
হরিবোল ব'লে দেখ্‌রে ॥

শিবা, সারমেয়, খটাস, শকুনি—
দু'নয়ন লবণাক্ত
কেঁদে কয়, "দাদা নামাবলী নেবো
আর রবোনাকো শাক্ত !
কেন রেষারেষি দ্বেষাদ্বেষি বৃথা,
দিব ফেলে নখ দন্ত,
তপস্বী হয়ে বনে যাব সবে,
পশুর হউক অন্ত ॥

NATIONAL ARCHIVES OF INDIA

ছাগ মেষ সব কে কোথা' আছিস্,
নিয়ে আয় সব ঢাক ঢোল,
এসেছেন গোরা, প্রেম আনন্দে
ন্যাজ তু'লে সবে হরিবোল !

শিশু-হাসি হেসে নব যীশু বেশে
এসেছেন আহা বনমাঝ,
অজিন-আসন এনে দে হরিণ
বসিবেন গোরা, পশুরাজ ॥"

পশুরাজ ক'ন, "পশুদল, শোনো
শোনো মোর বাণী মন্তির !"
বাঘা কয়, "প্রভু ! দন্ত বেজায়
বাড়িয়া উঠিছে হস্তীর ।"

প্রভু কন, "বাবা, শান্তির এই
বৈঠক তারি জন্যে ।"
নেকড়ে অমনি কহে, "চুপ ! চুপ !
শুনিয়া ফেলিবে অন্যে !"

NATIONAL ARCHIVES OF INDIA

হাবা'তে হাঙর খেজুর-গুঁড়ির
লেজুড় করিয়া উচ্চ,
বলে, "প্রভু, তুমি ধূমকেতু-তারা,
এ ভক্ত তা'র পুচ্ছ !"

প্রভু ক'ন, "আহা এতদিন পরে
মিলিল ভক্ত হনুমান !"
হাঙরের চোখে সাঁতার-সলিল,
বলে, "প্রভুর কি অনুমান !"

খেঁক্‌ড়ে কণ্ঠ নেক্‌ড়ে কহিল,
"হায়েনা ত প্রভু আয়েনা !
আমরা করিব হরিনাম, আর
সে নেবে আফ্রিকা চায়েনা !"

ব্যাঘ্র কহিল, "সে স্যাঙাৎ যে রে
আছে রগ ঘেঁসে আমারই।"
প্রভু ক'ন, "ঐ নোড়া দিয়ে দাঁত
ভাঙিব ভালুক মামারই ॥

NATIONAL ARCHIVES OF INDIA

হাঙর কহিল, "ভালুক মামা যে
ক্রমেই আসিছে রুখিয়া !"
প্রভু ক'ন, "আর ক'টা দিন ব্যাটা
বাঁচিবে আমড়া চুষিয়া ?"

লড়ালড়ি ক'রে হায়েনা ভালুক
ছুটোরি ধরিবে হাঁপানি,
ছিনেজোঁক র'বে লাগিয়া পিছনে,
পাশে চিতে বাঘ জাপানী !

হাড়গোড়-ভাঙা ঈগল পক্ষী
কহিল পক্ষ ঝাপটি',
"প্রভু তব পিছে চাপকান-ঢাকা
আফগান মারে ঘাপটি !"

প্রভু ক'ন, "ওরি ভাব নয় বাবা
ধরেছে রক্ত-আমেশা !
গোস্ত খাওয়ায়ে দোস্ত করিতে
তাইত চেষ্টা হামেশা !"

NATIONAL ARCHIVES OF INDIA

শিবা কয়, "প্রভু, সুকি-রাঙানো
টুপী ছাড়িয়াছে তুর্কী !
প্রভু ক'ন "মজি' সংসার-মোহে
ছাড়িল খোদার নূর কি ?

কপাল মন্দ ! কি করিবে বল !
অদৃষ্টে নাই ভেস্ত !"
শিবা কয়, "যাব আমিই ভেস্তে
তা' হ'লে, বিচার বেশ ত !"

সাত হাত দাঁত বের ক'রে এল
এমন সময় হস্তী,
শুণ্ড বুলায়ে মুণ্ডে কহিল,
"কর মোরও সাথে দোস্তী !"

"রে গজমূর্খ !" বলি' প্রভুপাদ
পশুরাজ ওঠে গর্জ্জি' —
"কা'র মর্জ্জিতে তুই এলি হেথা
চিড়িয়াখানারে বর্জ্জি "

"গজরাজ আমি, অজ নই" কহে,
অজ দোলায়ে হস্তী,
"চিড়িয়াখানার পিঞ্জর ভেঙে
এসেছি বনের বস্তী!"

শকুনি, খটাস, শিবা সারমেয়
তুলিল ভীষণ কলরোল,
ভক্ত প্রভুর তুলি' পশুদল
বলে, "বলহরি হরিবোল!"

ARCHIVES OF INDIA
NATIONAL

ডোমিনিয়ন ষ্টেটাস্

কোরাস্ :—

বগল বাজা ছুলিয়ে মাজা,
ব'সে কেন অম্‌নি রে !
ছেঁড়া ঢোলে লাগাও চাঁটি,
মা হ'বেন আজ ডোম্‌নীরে ॥

রাজা শুধু রাজাই র'বেন !
পগার-পারে নির্ব্বাসন,
রাজ্য নেবে দু' ভাই মিলে
দুর্য্যোধন আর দুঃশাসন !

অন্ধ ধৃতরাষ্ট্র র'বে
সিংহাসনে মাত্র নাম !
কোঁৎকা মা'রা ব'বে, রইবে শুধু
বোঁটকা খানিক গাত্র ঘাম ॥

NATIONAL ARCHIVES OF INDIA

অনেক-কিছু সয়ে গেছে,
গন্ধটা আর সইবে না ?
কি ক'স ? গলা-কন্ধটা ? এও
দুদিন বাদে রইবেনা !

কলসি-কানার প্রহার খেয়েও
প্রভু কেয়সা প্রেম বিলায় ।
গউর ব'লে "প্রেমসে" নাচে
জগাই মাধাই—দেখ্‌বি আয় ॥

রইত ত কেউ রাজা হেথাও,
না হয় সেথাই রইল কেউ !
আচ্ছা ফ্যাসাদ যাহোক ! তবু
বাঘের পিছে লাগ্‌বি কেউ ?

ঠুঁটো হ'লেও হাত পেলি ত !
ছিলি যে একদম্ বে-হাত !
একেবারেই ঠ্যাং ছিল না,
পেলি ত এক ঠ্যাং নেহাৎ !

NATIONAL ARCHIVES OF INDIA

ভিক্ষের চা'ল কাঁড়াই হোক—আর
আঁকাড়া—তাই ঝোলায় ভর
ওই চিবিয়ে জল খেয়ে থাক !
কেনও পাবি অতঃপর ?

ধৈর্য্য ধ'রে থাকে বেরাল
তাই ত শেষে পায় কাঁটা,
পাত হ'তে সে মাছ তু'লে নেয় ?
তেমনি সে যে খায় ঝাঁটা ।

ভারত একার নয় ত কারুর—
বিশ্ব-আড়ত, পীঠস্থান !
ভারত পক্ষে মারতে কসুর
করেনি কেউ হুণ পাঠান !

চিরটা কাল বনের মোরা
লোমশ-মুনিই ছিলুম দেখ !
আহার ছিল শাক পাতা আর
ভাবের গাঁজা ছিলিম টেক !

NATIONAL ARCHIVES OF INDIA

আজ তবু কেক বিস্কুট খা'স,
পায়েস গেলি প্রায় রাজাই !
গাল বাজাই আয় কানাডা আর
অষ্ট্রেলিয়ার ভায়রা ভাই

ধুচ্‌নি মাথায় হাতে ধামা
দেখে মোদের রসিক-রাজ—
ডোমের জাতি ভেবে—দিলেন
ডোমনী ক'রে মাতায় আজ।

বন্দিনী মা ছিলেন আহা,
আজ দিয়েছে মুক্তি রে !
বাজাও ধামা মামার নামে,
রক্ত চাল বুক চিরে !

এবার থেকে ধামাধারী
বল-দ দল, ভাব্‌না কি ?
দিব্যি খাবে ডুবিয়ে মুলো
পাৎনা নাদায় জাব মাখি'।

NATIONAL ARCHIVES OF INDIA

হাতীর পিছে নেংচে' চলে
ব্যাংছা এবং খল্‌সে রে !
দোহাই দাদা চল্লিশনে আর,
চোখ যে গেল ঝল্‌সে রে !

"মাভৈঃ ! এবার স্বাধীন হ'নু !"
যাই বলেছি, পৃষ্ঠে ঠাস !
পড়্‌ল মনে পীঠস্থান এ,
ডোমিনিয়ন্ ষ্টেটাস্ !

NATIONAL ARCHIVES OF INDIA

"দে গরুর গা ধুইয়ে"

কোরাস্ ঃ—

দে গরুর গা ধুইয়ে !!

উল্টে গেল বিধির বিধি
আচার বিচার ধর্ম্ম জাতি,
মেয়েরা সব লড়ুই করে,
মদ্দ করেন চড়ুই-ভাতি !

পলান পিতা টিকেট ক'রে—
খকী তাঁহার পিকেট্ করে !
গিন্নি কাটেন চর্‌কা,—কাটান
কর্ত্তা সময় গাই দুইয়ে !

কোরাস্ ঃ— দে গরুর গা ধুইয়ে ।

চণ্ডীকার আর মেথর চাঁড়াল
ধর্ম্মঘটের কর্ম্মগুরু !
পুলিশ শুধু কর্‌ছে পরখ্
কার কতটা চর্ম্ম পুরু !

NATIONAL ARCHIVES OF INDIA

চাটুয্যেরা রাখ্‌ছে দাড়ি,
মিঞারা যান নাপিত বাড়ী !
বোঁইকা গন্ধী ভোজপুরী কয়
বাঙালীকে—"মৎ ছুঁইয়ে !"

কোরাস্ :— দে গরুর গা ধুইয়ে !!

মাজায় বেঁধে পৈতে বামুন
রান্না করে কার না বাড়ী.
গা ছুঁলে তার লোম ফেলে না,
ঘর ছুঁলে তার ফেলে হাঁড়ি

মেয়েরা যান মিটিং হেদোর,
পুরুষ বলে "বাপ্‌ রে দে দোর !"
ছেলেরা খায় লাপ্‌সী হুড়ো,
বুড়োর পড়ে ঘাম চুঁইয়ে !

কোরাস্ :— দে গরুর গা ধুইয়ে !!

ভয়ে মিঞা ছাড়্‌ল টুপী,
আইল ক'সে গোপাল-কাছা,
হিন্দু সাজে গান্ধী-ক্যাপ্রে,
লুঙ্গি পরে ফুঙ্গি চাচা !

NATIONAL ARCHIVES OF INDIA

দেখলে পুলিশ গুঁতোয় ষাঁড়,
পুরুষ লুকায় বাঁশের মাচাড়ে !
খাঁদা বাহুড় রায় বাহাদুর,
খান বাহাদুর কান খুইয়ে !!

কোরাস :— দে গরুর গা ধুইয়ে !!

খড় নেতা গজনা দেয়,
চলতে নারে দেশ যে সাথে !
টেকো বলে "টাক ভাল হয়
আমার তেলে, লাগাও মাথে !"

"কি গানই গায়" বলছে কালা,
কানা কয়, "কি নাচ ছে বালা !"
কুঁজো বলে, "সোজা হয়ে
ও'তে যে সাধ, দে শুইয়ে !"

কোরাস :— দে গরুর গা ধুইয়ে !!

সস্তা দরে দস্তা-মোড়া
আসছে স্বরাজ বস্তা-পচা.
কেউ বলেনা "এই যে লেহি"
আসলে "যুদ্ধ দেহি"র খোঁচা।

ARCHIVES OF INDIA NATIONAL

গুণীরা খায় বেগুন-পোড়া,
বেগুন চড়ে গাড়ী ঘোড়া !
ল্যাংড়া হাসে ভেংড়ো দে'খে
ব্যাঙের পিঠে ঠ্যাং থুইয়ে ।

কোরাস্ :— দে গরুর গা ধুইয়ে !!

NATIONAL ARCHIVES OF INDIA

রাউণ্ড-টেবিল-কনফারেন্স

কোরাস্ ঃ—

দড়াদড়ির লাগ্‌বে গিঁঠ

গোল-টেবিলের বৈঠকে !

ঠোকর মারে লোহায় ইঁট,

এ ঠকে কি ঐ ঠকে ॥

ব্যাণ্ড্ বাজে, ইং-ল্যাণ্ডে ঐ

চল্‌ল ব্রিডার্স্ এ্যাণ্ড কোং,

শকুন মাতুল কাল্‌নেমী,—

কণ্ঠে লাউড্-স্পিকার চোং !

তাদের ছাড়া কুম্ভিরে

মাছের দুঃখ কইত কে ॥

চল্‌ছে নরম গরম চাঁই

হোম্‌রা চোম্‌রা ওমরা যায়,

ধুন্‌তে তুলো ধপড় ধাঁই

ডোমিনিয়ম-ডোমরা যায় ।

বল্‌ছে ডেকে "দেখ্‌রে দেখ

প্রতাপ চলে চৈত্যকে ॥"

NATIONAL ARCHIVES OF INDIA

ডিম্-গোলাকার গোল্-টেবিল

করবে সার্ভ্ অশ্ব-ডিম্,
তা দিবে তায় ধাড়ির দল,
তা নয় দিলে, ততঃকিম্ ?
আন্‌বে স্বরাজ ব্রিটিশ-বর্ণ্,
অষ্ট্রেলিয়ার ভাইপোকে ॥

স্বর্গ ভেবে ধাপার মাঠ
ধাপা-মেলেয় ময়লা যায়,
কুটুম ভেবে কেষ্টরে
বৈকুণ্ঠে গয়লা যায় ।
স্বরাজ-মাখম উঠ্‌বে যে
নৈলে এ ঘোল মইত কে ॥

বেছে বেছে পিঁজ্‌রাপোল
নড়বড়ে বড়র দল
আন্‌ল বুড়ো হাব্‌ড়াদের,
যাত্রা-কমিক দেখ্‌বি চল্ ।
ঘাঁটা-পড়া ঘাড় ওদের,
নয় এ বোঝা বইত কে ॥

NATIONAL ARCHIVES OF INDIA

বাঘ নেবে পাঠ বেদান্তের,
বি-দন্ত সব পুরুত্ যায়,
করবে শান্তি মন্ত্রপাঠ
ব্যাঘ্র ' বাগ্র বক্ষে আয় !
শিখাবে অদ্বৈতবাদ
দ্বিধা-ভক্ত দ্বৈতকে ॥

সাধাস্নে আর লট্ঘটি
দোহাই বাবা চ্যাংড়া থাম !
এমন ফলার কাঁচ্কলার,
তোরাও পাবি ল্যাংড়া আম !
সাগর মথি' আন্বে সব
হয় সুধা নয় দই টকে ॥

NATIONAL ARCHIVES OF INDIA

সাহেব ও মোসাহেব

সাহেব কহেন, "চমৎকার ! সে চমৎকার !"
মোসাহেব বলে, "চমৎকার ! সে হ'তেই হবে যে !
হুজুরের মতে অমত্ কার ?"

সাহেব কহেন, "কী চমৎকার,
বল্‌তেই দাও, আহা হা !"
মোসাহেব বলে, "হুজুরের কথা,
শুনেই বুঝেছি, বাহাহা বাহাহা বাহাহা !"

সাহেব কহেন, "কথাটা কি জান ? সেদিন—"
মোসাহেব বলে, "জানিনা আবার ?
ঐ যে, কি বলে, যেদিন—"

সাহেব কহেন, "সেদিন বিকেলে
বৃষ্টিটা ছিল ঝর"
মোসাহেব বলে, "আহা হা, শুনেছ ?
কিবে অপরূপ গল্প !"

NATIONAL ARCHIVES OF INDIA

সাহেব কহেন, "আরে ম'লো ! আগে
বল্‌তেই দাও গোড়াটা !"
মোসাহেব বলে, "আহা-হা গোড়াটা !
হুজুরের গোড়া ! এই,চুপ্, চুপ ছোঁড়াটা !"

সাহেব কহেন, "কি বল্‌ছিলাম,
গোলমালে গেল গুলায়ে !"
মোসাহেব বলে, "হুজুরের মাথা !
গুলাতেই হবে ! দিব কি হস্ত বুলায়ে !"

সাহেব কহেন, "শোনো না ! সেদিন
সূর্য্য উঠেছে সকালে !"
মোসাহেব বলে, "সকালে সূর্য্য ?
আমরা কিন্তু দেখিনা কাঁদিলে কোঁকালে !

সাহেব কহেন, "ভাবিলাম, যাই,
আসি খানিকটা বেড়ায়ে",
মোসাহেব বলে,"অমন সকাল ! যাবে কোথা বাবা,
হুজুরের চোখ এড়ায়ে !"

NATIONAL ARCHIVES OF INDIA

সাহেব কহেন, "হ'লনা বেড়ানো,
ঘরেই রহিনু বসিয়া !"
মোসাহেব বলে,"আগেই বলেছি ! হুজুর কি চাষা,
বেড়াবেন হাল চষিয়া ?"

সাহেব কহেন, "বসিয়া বসিয়া
পড়েছি কখন্ ঝিমায়ে !"
মোসাহেব বলে, "এই চুপ সব !
হুজুর ঝিমান্ ! পাখা কর্,ডাক নিমাইএ !"

সাহেব কহেন, "ঝিমাইনি, কই
এই ত জেগেই রয়েছি !"
মোসাহেব বলে, "হুজুর জেগেই রয়েছেন,
তা আগেই সবারে কয়েছি ।"

সাহেব কহেন, "জাগিয়া দেখিনু,
জুটিয়াছে যত হনুমান আর অপদেব !"
"হুজুরের চোখ, যাবে কোথা বাবা ?"
প্রণমিয়া কয় মোসাহেব ॥

NATIONAL ARCHIVES OF INDIA

ছুঁচোর কীর্ত্তন

কীর্ত্তন গায় ছুচুন্দর,
হুতুম প্যাঁচা বাজায় খোল।
ছাতার পাখী দোহার গায়
গোলেমালে হরিবোল॥

কিচির্-মিচির্ কিচির্-কিচ্
ইঁদুর বাজায় মন্দিরা,
তানপুরা ঐ বাজায় ব্যাঙ
ওস্তাদের সঙ্গীরা।
শালিক বায়স ভক্তদল
হরিবোলের লাগায় গোল॥

হলো বেরাল মিয়াঁও মাঁও
করছে শুরু খেয়াল গান,
ব্যা-এ্যা-এ্যা-এ্যা পুং অন্ত
মারছে জোদ হলক-তান।
রাসভ গলা ভাঙ্‌ল তার
ধ্রুপদ গেয়ে খেয়ে ঘোল॥

NATIONAL ARCHIVES OF INDIA

টপ্‌পা গানের ঝাড়্‌ছে তান
চিঁহিঁহিঁ চিঁহিঁহিঁ অশ্বরাজ,
ঠুংরী গানের ঝট্‌কা তান
মার্‌ছে ফড়িং ঝোঁপের মাঝ।
খাণ্ডার্‌বাণী ধ্রুপদ গায়
বলদ গিয়ে পিঁজ্‌রাপোল॥

লেড়ী কুকুর বাউল গায়
পুচ্ছ তুলি' উচ্চ মুখ,
ভাটিয়ালী গান শেয়াল গায়,
ভীষণ শীতের ভুল্‌তে দুখ।
গাব্‌গুবাগুব্‌ 'কুক্‌' পাখী
বাজায়, ভুতুম বাজায় ঢোল॥

ধরা গলায় মহিষ গায়
যেন বুড়ো খাঁ সায়েব,
কাব্‌লীওয়ালা বেহাগ গায়
"মোর মগায়া" খেয়ে শেব্‌।
ভেঁড়া বলে, "কণ্ঠ মোর
গেছে ধ'রে খেয়ে ওল!"

NATIONAL ARCHIVES OF INDIA

সাইমন কমিশনের রিপোর্ট

[প্রথম ভাগ]

ভারতের যাহা দেখিলেন

কোরাস্ :—

"কি দেখিতে এসে কি দেখিনু শেষে,"

রিপোর্টে লেখেন সাইমন—

হুটোপুটি ক'রে ছুটোছুটি করে

বুড়োবুড়ী, কাজে নাই মন !

"মাদা" দল আর "উদো" দল পায়ে

হস্ত বুলায় হর্দ্দম,

পুঁচ্'কে দলের ফচ্'কে ছোঁড়ারা

ছিটাইছে বটে কর্দ্দম !

ত্যক্তের চেয়ে ভক্তই বেশী,

আহাহা ভক্ত বেঁচে থাক্ !

ছোলা ভেজা দেবো, কাঁচকলা দেবো

নিশ্চয়ই মনে এঁচে রাখ্ ।

NATIONAL ARCHIVES OF INDIA

আসিতে ভারতে সাথ্‌কি লইয়া
আসিল ফকির কোক্‌রা,
পিছন হইতে ঠোক্‌রায় লোকে
ডেঁপো গোটা কয় ছোক্‌রা।

ছেলে যা দেখিনু, ছেলের চাইতে
পিলে বড়, অধিকন্তু
বৃহত্তম "ভূ" দেখিনু জীবনে—
প্রথম দু'পেয়ে জন্তু॥

মাথা নাই হেথা, নাইক হৃদয়,
শুধু পেট আর পিঠ সার,
এত "পিঠে" খেয়ে কেমনে হজম
করে, করেনাকো চীৎকার!

ঠুঁটো হাত শুধু চিৎ ক'রে রাখে
শূন্যের পানে তুলিয়া,
বিপদে শ্রীপদ ভরসা, তাহাও
শ্লীপদে গিয়াছে ফুলিয়া॥

NATIONAL ARCHIVES OF INDIA

মাড়োয়ারী আর "মালোয়ারী জর"
এদের পরম মিত্র,

মরমরদেরে একেবারে মেরে
রাখিছে দেশ পবিত্র !

ইহাদের হরি বন্ধু মোদেরি
গুড্ ওলড্ জেণ্টল্ম্যান্"
কচুরি-পানায় ডোবা ও খানায়
এঁর কৃপা করে ভান্ভ্যান্ ॥

এদেশের নারী বেজায় আনাড়ী,
পুরুষের হাতে তবলা.
তবলাতে চাঁটি মারিলে সে কাঁদে,
ইহারা কাঁদেনা. অবলা.!

জরীশাড়ী-মোড়া চকলেট ওরা
বন্দী হেরেম-বাক্সে.
বাহির করিলে খেয়ে নেবে কেউ,
কাজেই বাক্সে থাক্ সে ॥

NATIONAL ARCHIVES OF INDIA

ইস্কুলে, প্রেমে, জ্বরে প'ড়ে প'ড়ে
জীবন কাটায় ছেলেরা,
মাঝে মাঝে করে ভ্রান্ত-শিষ্ট
শান্তে লেনিন ভেলেরা ॥

চোখের চাইতে চশমাই বেশী,
ভাগ্যিস্ ওরা অন্ধ,
নৈলে কখন্ টানিয়া ধরিত
আমাদের গলা-বন্ধ ॥

আমাদের দেখাদেখি কেহ কেহ
করিছে ক্লাবের মেম্-বার
স্কার্ট পরে চাষারা, বাবুরা
বিবি লয়ে যায় চেম্বার !

বিলিতি দাওয়াই ধরিতেছে ক্রমে,
আর বাকী নাই বেশীদিন,
গুড্‌বয় হয়ে গিলিছে আফিম,
হুইস্কি, ব্র্যাণ্ডী, কুইনি॥

NATIONAL ARCHIVES OF INDIA

কাফ্রি চেহেরা, ইংরিজি দাঁত,
টাই বাঁধে পিছে কাছাতে,
ভীষণ বস্থ চাষ করে ওরা
অস্ত্র-আইন বাঁচাতে !

চাচা ভাইপোতে মিল নাই সেথা
আড়াআড়ি টিকি দাড়িতে,
যুদ্ধ বাধাই উহাদেরি দিয়ে,
ধরিয়া আনাই কাঁড়িতে ॥

উহাদের মত কেলে রং সব
গাছপালা জল আকাশের,
উহাদের গাই মোদেরি গাই-এর
মত সাদা দুধ দেয় ফের।

কালো চামড়ার ভিতরে ওদের
আমাদেরি মত রক্ত,
এ যদি না হ'ত—শাশ্বত হ'ত
ওদেশে মোদের তক্ত !"

———

[দ্বিতীয় ভাগ]

ভারতকে যাহা দেখাইলেন

কোরাস্ ঃ—

"খীশুখৃষ্টের নাই সে ইচ্ছা,
কি করিব বল আমরা !
চাওয়ার অধিক দিয়া ফেলিয়াছি
ভারতে বিলিতি আমড়া ॥

চামড়া ওদের আমাদের মত
কিছুতেই নহে হইবার.
হোয়াইট্‌ওয়াশ যা করিয়াছি—তাই
দেখিতেছি নহে রইবার !

আমাদের মত যারা নয় তা'রা
অম্‌নি রবে, কি ক'রে বল্,
সাদাদের মত কালা অসভ্য
হইবে স্বাধীন ? হরিবল্ !

NATIONAL ARCHIVES OF INDIA

লাঠি ও চামড়া বিলিতি আমড়া
মণ্টেগু ...ে চুষিতে,
শাঁস নাই ব'লে কাঁদিল, দিলাম
বিলিতি কুমড়ো তুষিতে।

তাহাতেও যারা খুশী নয়, এত
ভূষি খেয়ে ভরেনাকো পেট,
ঘুষি বরাদ্দ তাহাদের তরে,
ঝুঁটি ধ'রে কর মাথা হেঁট।

পুলিশের লাঠি আরো বড় হোক,
আরো যেন তাতে থাকে পিঁঠ,
হস্তেরে কেল অস্ত্র-আইনে,
ঘর হ'তে তোলা হোক ইঁট!

কাগজের শুধু হইয়াছে নোট,
কাগজের হোক রুটীও,
মাথা কেটে দাও, কেটে দাও হাত
থাকেনাকো যেন টুঁটিও।

NATIONAL ARCHIVES OF INDIA

যতটুকু দড়ি ছাড়িয়াছ, তাহা
গুটাইয়া লও পুনরায়,
একবার যদি বেড়া ভাঙে, তবে
আরবার ধরা হবে দায়।

আরো প্রশস্ত ক'রে দাও পিঠ
ধুম্মু'স-পেটা করিয়া,
টিকি ও দাড়ির চাষ কর, লহ
নখর দন্ত হরিয়া॥

ওদেশের জলে ম্যালেরিয়া-বিষ,
উহারা বিলিতি-জল খাক।
গুলি খেতে দাও তাদেরে, ওদের
চ্যাঁচায় যে এক দল কাক।

পা কেটে ওদের ঠেকো করে দাও,
উহাদের সাথে ছুটিতে
হার মেনে যায় এরোপ্লেন, পায়ে
গুলি পারেনাকো ফুটিতে॥

NATIONAL ARCHIVES OF INDIA

শিরীষ লইয়া আরো কাঁপাইয়া
দাও গ্রীহা আর যকৃৎ !
ঢাক কিনে দাও হিঁচুরে, মুসল-
মানে বল, কর বক্‌রিদ্ !

ভাতে নাই কিছু ভিটামিন্, ওতে
মদ হোক, ওরা খাক কেন,
এ স্বাস্থ্যে ভাত বড় ক্ষতিকর,
খুব জোর দুটো শাক দেন ।

অতিশয় বেশী কথা কয়ে কয়ে
বাড়াতেছে প্যাল্‌পিটেশন্,
গ্যাগ্ পরাইতে কর সশস্ত্র
ডাক্তারে ইন্‌ভিটেশন ।

মা ভগবতীর সার উহাদের
ব্রেণে আরো দাও পুরিয়া,
যদি থাকে মেরুদণ্ড কারুর
দাও তা ভাঙিয়া চুরিয়া ।

NATIONAL ARCHIVES OF INDIA

বোমা মেরে মেরে পায়নাকো খুঁজে
আজও উদরে 'ক' অক্ষর.
এ মেষ কেমনে সভ্য ষাঁড়ের
সহিত হাম্বিবে টক্কর ?

পায়ে ও গলায় ছাড়া ইহাদের
কোনো সে অঙ্গে বল নাই,
ব্যারাম মাফিক ওষুধ দিলাম,
দিলাম কিন্তু ফল নাই

NATIONAL ARCHIVES OF INDIA

প্রাতদ্বন্দ্বী

বাউল

আমি দেখেছি তোর শ্যামে
দেখেছি কদম-তলা।
আমি দেখেছি তোর অষ্টাবক্রের
আঁকাবাঁকা চলা
তার যত ছলা কলা
দেখেছি কদম-তলা।

তুই মোর গোয়ালের ছিঁড়ে দড়ি
রাতবিরেতে বেড়াস্ চরি',
তুই রাখাল পেয়ে ভুলে গছিস্
আয়ান ঘোষের বলা
দেখেছি কদম-তলা।

NATIONAL ARCHIVES OF INDIA

প্রাথমিক শিক্ষা বিল

(নেপথ্যে কোরাস্)—

এই বেলা নে ঘর ছেয়ে !
এই দেশটা ভীষণ মূর্খ
এবার ঘুচাব দেশের দুঃখ ।
হবে চাষারা উচ্চ-প্রাইমার,
ওরে আর এ দেশের নাই মার !
ছুটে আয় আয় সব ছেলেমেয়ে !—

(নেপথ্যে) এই বেলা নে ঘর ছেয়ে ॥

বহু দিন ধরি' করি' আঁকপাঁক
এবে মিলিয়াছে মনোমত ফাঁক ।
তোরা মাথা পিছু সব টাকা গোন্
দিব পণ্ডিত ক'রে বাছাধন !
হবি বাবুসা'ব রে অলপ্ পেয়ে !

(নেপথ্যে) এই বেলা নে ঘর ছেয়ে ॥

NATIONAL ARCHIVES OF INDIA

তোরা পাস্‌নেকো খেতে মাড় ভাত,
নাই পরণে বসন আধ হাত।
পাবি অন্নবস্ত্র এইবার
এই আইন হইবে যেই বার!
টাকা তোল্ তোরা আদা জল খেয়ে।
(নেপথ্যে) এই বেলা নে ঘর ছেয়ে॥

তোরা করছিস্ কি অবিশ্বাস?
কেন ছাড়িস দীর্ঘনিঃশ্বাস?
মোর টাকার কি আর ভাব্‌না,
ঐ টাকা বিনে খেতে পাব না?
চলে রাজ্য কি তোর মুখ চেয়ে?
(নেপথ্যে) এই বেলা নে ঘর ছেয়ে॥

এই শিক্ষার লাগি হর্দ্দম
বলি খরচটা কিছু কবি কম?
আজও গ্রাম-পিছু প্রতি বৎসর
আট আনা ক'রে দিই, মনে কর!
তবু আছে অজ্ঞান-ভূতে পেয়ে।
কোরাস্ঃ— এই বেলা নে ঘর ছেয়ে॥

NATIONAL ARCHIVES OF INDIA

দিয়ে তোদেরি শিল ও নোড়া রে
ভাঙিব তোদেরি দাঁতের গোড়ারে !
"বাই জোভ !" আরে ছিছি, তা নয়,
তোরা ভাবিস্ তাহাই যা নয় !
ধিনি কেষ্ট রে, নেচে আয় ধেয়ে !

(নেপথ্যে) এই বেলা নে ঘর ছেয়ে ॥

বলি চার'টে ক'রে ত পয়সা,
তাতেই চেঁচিয়ে ধরালি রয়্‌সা !
তাও পাঁচটা কোটি ত লোক ছাই,
হয় ক' টাকা সে—তুই বল্ ভাই !
তবু ফ্যালফ্যাল্ ক'রে র'স্ চেয়ে ?

(নেপথ্যে) এই বেলা নে ঘর ছেয়ে ॥

তোরা কতই রকম দিস্ "সেস্"
হলি "সেস্" দিয়ে দিয়ে নিঃশেষ,
ওরে জ্ঞান-এরণ্ডের এ যে ফল
এও না খেলে আর কি খাবি বল !
জ্ঞান- কাণ্ডারী এল তরী বেয়ে !

(নেপথ্যে) এই বেলা নে ঘর ছেয়ে ॥

NATIONAL ARCHIVES OF INDIA

হবি এবার বিস্তে-দিগ্‌গজ,
পোকা করিবে মগজে বজ্‌বজ্‌ !
হবি মুন্সেফ্‌ হবি সাব্‌জজ্‌,
হবি মিষ্টার যত অন্ত্যজ !
আয় আমাদের গুণ-গান গেয়ে !
(নেপথ্যে) এই বেলা নে ঘর ছেয়ে ॥

আপা- ভতঃ মনে হয় ভেতো নিম্‌,
ভেবে ছ্যাখ্‌ শূদ্র ও মুস্‌লিম—
তোরা নাক চোখ বু'জে গিলে ফেল্‌ !—
ভেলা মাথায় দিবনা মোরা ভেল !
অন্‌- ততঃ তোরা তরী আয় বেয়ে !
(নেপথ্যে) এই বেলা নে ঘর ছেয়ে ॥


INDIA OFFICE
LIBRARY

— সমাপ্ত —

NATIONAL ARCHIVES OF INDIA